সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া

সুনাম ও সততার

সঙ্গে

বিশেষত্ব বজায় রেখেছে

পণ্ডিত-প্রেস

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সকল প্রকার ছাপার কাজের

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৪ঠা শ্রাবণ বুধবার, ১৩৭৩ ইং 20th July 1966 | ১০ম সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুল জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO.

## খাস জনতা

কেরোসিন কুকার

সাইকেল ও সাইকেল পার্টস এর

নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

## সুলভ ভাণ্ডার

রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৪ঠা শ্রাবণ বুধবার সন ১৩৭৩ সাল।

## সরিষার তেলে ভেজাল

—•—

সরকারী গবেষণাগারে কিছু নমুনা পরীক্ষার পর বাজারের সরিষা তেলের শতকরা পঁচাশি ভাগই ভেজাল বলিয়া সন্দেহ করা হইতেছে। সরিষার তেলে যে প্রচুর ভেজাল চলে, তাহা প্রায় সকলেরই জানা আছে। কিন্তু ভেজালের হার এত বেশী শুনিয়া অবাক হওয়ার কিছু নাই। মফস্বলে সরিষার তেল পরীক্ষা করার কোন ব্যবস্থা থাকিলে দেখা যাইত ভেজালের হার আরও বেশী।

পশ্চিমবঙ্গের শতকরা নব্বই জনেরও বেশী লোক সরিষার তেল খায়। দুই বৎসর আগে সরিষার তেল দুষ্প্রাপ্য হওয়ায় শহরাঞ্চলের অনেকে বাদাম তেল ব্যবহার করিতেছিলেন বটে, কিন্তু বাদাম তেলের মূল্য বৃদ্ধি পাওয়ায় তাঁহাদের অনেকেই আবার সরিষার তেল ব্যবহার করিতে আরম্ভ করিয়াছেন। সরিষার তেল না হইলে এ রাজ্যের অধিবাসীদের চলে না, অথচ এখানে সরিষার উৎপাদন খুবই সামান্য। ভিন্ন রাজ্য হইতে বৎসরে প্রায় বারো লক্ষ মণ সরিষার তেল ছাড়া এখানকার তেলকলগুলিতে ষোল লক্ষ মণের মত তেল উৎপাদনের জন্য সরিষাও আমদানি করিতে হয় ও এই সরিষার বেশীর ভাগই উত্তরপ্রদেশ হইতে আসে। কাজেই সরিষার তেলে ভেজাল দেওয়া বন্ধ করার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের কিছুটা অসুবিধা আছে। রাজ্য সরকার কেবল পশ্চিমবঙ্গের কলগুলিকে নির্দিষ্ট মান অনুসারে বাজারে সরিষার তেল ছাড়িতে বাধ্য করিতে পারেন।

রাজ্য সরকার এখানকার কলগুলিকে 'আগমার্কা' সরিষার তেল উৎপাদনের কথা বলিয়াছেন। বাজারে বিশুদ্ধ তেল সরবরাহের ইহা ছাড়া অন্য কোন পথ খোলা নাই। কিন্তু এ ব্যাপারে তেলের ব্যবসায়ীরা এক অদ্ভুত যুক্তি দেখাইয়াছেন। আগমার্কা ছাপ দিতে এত বেশী খরচ পড়িবে যে, লোকে নাকি ওই তেল আর কিনিতে চাহিবে না। সরিষার তেলের দাম বাড়ানোর কৌশল হিসাবেই ব্যবসায়ীরা এই যুক্তি ব্যবহার করিতেছেন কি না, তাহা অবশ্য ভবিষ্যতেই জানা যাইবে। জনসাধারণের নিকট নির্ভেজাল দ্রব্য বিক্রয়ের ব্যাপারে ব্যবসায়ীদেরই উদ্যোগী হওয়া উচিত।

—

## জঙ্গিপুর সদর খেয়াঘাটে

### সর্ব্বজীবে সমান দয়া

—•—

জঙ্গিপুর সদর খেয়াঘাটে প্রত্যহ বহু নরনারী, বালকবালিকা ও স্কুল কলেজের ছাত্রছাত্রী পারাপার করিয়া থাকে। গরু, ঘোড়া, মহিষ প্রভৃতি গৃহপালিত পশু পৃথক নৌকায় পারাপার করার ব্যবস্থা আছে। মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষ ইজারদারের নিকট এই মর্ম্মে রেজিষ্টার্ড কবুলিয়ত গ্রহণ করা সত্ত্বেও ইজারদার মহাশয় নিজ খোস খেয়ালে যাত্রীর নৌকায় গরু, ঘোড়া পারাপার করিতেছে। গত ১৭ই জুলাই রবিবার স্থানীয় লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক ডাঃ জে. এন. রায় মহাশয় প্রতিবাদ করায় তাঁহার উপস্থিতিতে ঘোড়া না উঠাইয়া পরের যাত্রী নৌকাতে ঘোড়াটি পার করিয়া নিজের জেদ বহাল রাখিয়াছে। জনবহুল শহরের মধ্যস্থলে বেআইনী ও বিপজ্জনক কাজ করিতে ইজারদারের এত স্পর্দ্ধা হয় কেন? একেই বলে "খুঁটির জোরে বাছুর কুঁদে।" সূক্ষ্মভাবে অনুসন্ধান করিলে দেখা যাইবে "ইজারদারের পিঠে কোন শক্ত 'জকি' সোয়ার আছেন।" গত ১৩৭১ সালের ১লা শ্রাবণ শুক্রবার এই খেয়াঘাটে একখানি ডিঙ্গী নৌকা উল্টাইয়া একজন তরুণ প্রাথমিক শিক্ষকের মৃত্যু ঘটিয়াছে। এই বিষয়ে প্রতিকারের জন্য আমরা জঙ্গিপুরের সুযোগ্য মহকুমা শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—

## পশ্চিমবঙ্গ আম ও গ্রীষ্মকালীন ফল ও সব্জির প্রদর্শনীতে বিভিন্ন জাতের আমের জন্য পুরস্কার লাভ

সম্প্রতি কলকাতায় পশ্চিমবঙ্গ আম ও অন্যান্য গ্রীষ্মকালীন ফল ও সব্জির প্রদর্শনী অনুষ্ঠিত হইয়াছে। ঐ প্রদর্শনীতে বহরমপুর টাউনের ১০৪নং নেতাজী রোডে অবস্থিত শ্রীসুবোধকুমার চট্টোপাধ্যায়ের বহরমপুর থানার অন্তর্গত মাদাপুরের বাগানের বিভিন্ন জাতের আম প্রতিযোগিতায় অংশ গ্রহণ করিয়া অনেক কয়েকটী পুরস্কার লাভ করিয়াছে। মুর্শিদাবাদ জিলা বিভিন্ন জাতের আম্র উৎপাদনের জন্য নবাবী আমল হইতেই প্রসিদ্ধ। শ্রীসুবোধকুমার চট্টোপাধ্যায়ের মাদাপুরের বাগানে সরকারের হর্টিকালচার বিভাগের তরফ হইতে কয়েক বৎসর বিভিন্ন জাতের আমগাছে কলম প্রস্তুত করিয়া জনসাধারণকে আম্র চাষে উৎসাহিত করার জন্য ন্যায্য মূল্যে বিক্রয় করিয়াছেন।

সরকারের তরফ হইতে মুর্শিদাবাদে আম্র চাষের যাতে আরো উন্নতি হয় এবং সঙ্গে সঙ্গে ঐ চাষ যাতে লাভজনক হয় ঐ বিষয়ে একটী সুষ্ঠু পরিকল্পনা রচনা করিয়া ভালভাবে রূপদান করিলে এই জেলায় আম্র চাষের আরো উন্নতি হওয়ার যথেষ্ট সম্ভাবনা আছে। জাতীয় সরকার ঐ বিষয়ে নিশ্চয় অগ্রণী হইবেন।

(ক) বোম্বাই আম—প্রথম পুরস্কার
(খ) উৎকৃষ্ট ছয় জাতের আম
সংগ্রহের জন্য—প্রথম পুরস্কার
(গ) রসালো আমের জন্য
(কোহিতুর)—প্রথম পুরস্কার
(ঘ) সাদ্উল্লা আমের জন্য—দ্বিতীয় পুরস্কার
(ঙ) রাণী পসন্দ আমের জন্য—দ্বিতীয় পুরস্কার

## পরলোকগমন

গত ৩রা শ্রাবণ মঙ্গলবার বেলা ১১ ঘটিকায় জরুর গ্রামের বিখ্যাত রায় পরিবারের কালীপ্রসন্ন রায় মহাশয় ৯৪ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। বিগত কয়েক বৎসর হইতে তিনি বার্দ্ধক্যের জন্য ক্রমশঃ অপটু ও দুর্ব্বল হইয়াছিলেন। তাঁহার স্মৃতিশক্তি কমিয়া গিয়াছিল। অনেক সময় বাড়ীর লোককে চিনিতে পারিতেন না। তিনি সরল প্রকৃতির লোক ছিলেন। দেড় মাস পূর্ব্বে তাঁহার সহধর্ম্মিণী ৮৫ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তিনি এক কন্যা, তিন পৌত্র, পৌত্রী দৌহিত্রাদি ও বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। মিলিটারী সার্জ্জেন লেপ্টন্যাণ্ট কর্ণেল অজিতকুমার রায়, এফ. আর. সি এস তাঁহার ভ্রাতুষ্পুত্র। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

# সরকারী চাকুরী

## আবগারী কনষ্টেবল নিয়োগ

মুর্শিদাবাদ জিলায় অস্থায়ী আবগারী কনষ্টেবলের পদসমূহের জন্য ভারতীয় নাগরিকদিগের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। বেতন ৬৫৲—১৲—৮৫৲ টাকা তদুপরি প্রদেয় ভাতাদি। যোগ্যতাবলী (আবশ্যিক): ইংরাজী ও বাংলা পড়িতে ও লিখিতে সক্ষম হওয়া চাই। উত্তম স্বাস্থ্য ও সুদৃঢ় দেহ। উত্তম প্রাক পরিচয় এবং নৈতিক সচ্চরিত্রতা সাইকেল চালাইতে ও সাঁতার দিতে সক্ষম। উচ্চতা ৫′—৪″ এর নীচে নয় এবং অন্তত: পক্ষে ২″ সম্প্রসারণের সক্ষমতা সহ পুরাপুরি দম ছাড়ার পর বুকের মাপ ৩১″। বয়স ১-৮-৬৬ তারিখে ১৮ বৎসরের নিম্নে নয় এবং ২৫ বৎসরের উর্দ্ধে নয়। (তপসিলভূক্ত জাতি/উপজাতির প্রার্থী এবং বাস্তুচ্যুত ব্যক্তিদের ক্ষেত্রে শিথিলযোগ্য)। প্রার্থীদিগকে অবশ্যই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের তালিকাভুক্ত হইতে হইবে। বিস্তারিত বিবরণ নিকটস্থ আবগারী অফিস হইতে পাওয়া যাইবে। পূর্ণ বিবরণ এবং প্রশংসাপত্রাদি সহ দরখাস্ত মুর্শিদাবাদ জিলার অন্ত:শুল্কাধ্যক্ষ মহাশয়ের (সুপারিনটেনডেণ্ট অফ এক্সসাইজ, মুর্শিদাবাদ) বহরমপুরস্থিত অফিসে ৩০শে জুলাই তারিখের মধ্যে পৌছান চাই। শারীরিক মাপ ও প্রয়োজনীয় পরীক্ষার জন্য প্রার্থীদিগকে ডাকা হইলে তাঁহাদিগকে নিজ ব্যয়ে বহরমপুরে সিলেকশন কমিটির সম্মুখে উপস্থিত হইতে হইবে।

## হোটেল রেস্তোরাঁর পানীয় জল দূষিত

কলকাতার হোটেল রেস্তোরাঁয় যে পানীয় জল সরবরাহ করা হয় প্রায় সব ক্ষেত্রেই তা দূষিত বলে পৌর সংস্থার সাম্প্রতিক সমীক্ষায় ধরা পড়েছে। পৌর সংস্থার চীফ এনালিষ্ট এ সম্পর্কে বলেন, হোটেল রেস্তোরাঁয় জলের ট্যাঙ্কগুলি পরিষ্কার না রাখায় এর প্রধান কারণ। তবে এ মাসেও শহরের বিভিন্ন পাড়ায় রাস্তা বা বাড়ীর কল থেকে পানীয় জলের যে নমুনা সংগ্রহ করা হয়েছে তারও শতকরা ৩০ ভাগ দূষিত প্রমাণ হয়েছে। তিনি বলেন প্রধানত: মাণিকতলা, বেলেঘাটা, টালিগঞ্জ, কসবা এবং মধ্য কলকাতার কোন কোন অঞ্চলে এই রকম জলের নমুনা বেশী।


# — কৃষি সংবাদ —

## আমন ধানের চারা রোয়ার সময় এগিয়ে আসছে
## এখনই প্রস্তুতির প্রয়োজন
## ভাল ফলনের জন্য রোয়ার জমি ভালভাবে তৈরী করুন

*এ সম্বন্ধে অতি অবশ্য করণীয় বিষয়গুলি হল ঃ*

* মই দিয়ে ধইঞ্চা গাছগুলিকে মাটিতে শুইয়ে লাঙ্গল দিয়ে ভালভাবে চষে সবুজ সার করুন।
* যে সব চাষী ভাইরা ধইঞ্চা দিয়ে সবুজ সার করতে পারেন নি, তাঁরা একর পিছু ১০—১২ গাড়ী গোবর সার বা কম্পোষ্ট সার এবং ৫৫ কেজি সুপার ফসফেট জমিতে দিয়ে আড়াআড়িভাবে চষে দিন।
* জমি কাদা করার সময় একর পিছু ৩৭ কেজি অ্যামোনিয়াম সালফেট বা ১৮ কেজি ইউরিয়া দিন।
* যাঁরা মিশ্র সার ব্যবহার করবেন, তাঁরা জমি কাদানোর সময় একর পিছু ১০০ কেজি মিশ্র সার দেবেন।
* বীজতলা থেকে ৪—৫ পাতার সতেজ চারা সযত্নে তুলে জলদি আমনের জন্য ১০″×৬″ এবং নাবি আমনের জন্য ১০″×৮″ দূরে দূরে ২/৩টি করে চারা প্রতি গর্তে খাড়াভাবে জমিতে রুয়ে দিন।

## মনে রাখবেন
## উপযুক্ত পরিচর্যা ও পরিমাণ মত সার ব্যবহার করে ধানের ফলন দেড়গুণ পর্য্যন্ত বাড়ান যায়।

ডবলু. বি. (আই. অ্যাণ্ড. পি. আর) এফ. পি. সি. (সি. ১৭) ১২৪১২ (৭৩)/৬৬


## মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষার ফল

—০—

মুর্শিদাবাদ জেলার মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষার ১৯৬৫ সালের ফল প্রকাশিত হইয়াছে। নিম্নের আটজন ছাত্র মাসিক পাঁচ টাকা হারে চারি বৎসরের জন্য বৃত্তি পাইবার হকদার হইয়াছে।

সর্ব্বশ্রী ধীরেন মণ্ডল (সাবলদহ জুনিয়র হাই), আসগর আলী (খামরা-ভাবকী জুনিয়র হাই), বিশ্বনাথ দালাল (মায়গ্রাম জুনিয়র হাই), বিশ্বরূপ মণ্ডল (সাবলদহ জুনিয়র হাই), সত্যরঞ্জন বিশ্বাস (টুঙ্গী জুনিয়র হাই), প্রশান্ত সেনগুপ্ত (বৈদ্যপুর জুনিয়র হাই), অম্বিকা সিংহ (বাঙ্গাবাড়ী জুনিয়র হাই), দিব্যেন্দু মৈত্র (দাদপুর জুনিয়র হাই)।

সফলকাম ছাত্রগণকে ও বিদ্যালয়ের উদ্যোগী শিক্ষক মণ্ডলীকে আমরা অশেষ ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। জঙ্গিপুর মহকুমার খামরা-ভাবকী জুনিয়র হাই স্কুল ও বাঙ্গাবাড়ী জুনিয়র হাই স্কুলের ছাত্র সাফল্য লাভ করায় আমরা আনন্দিত হইয়াছি।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম
কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে
সি, কে, সেনের নাম সবাই
জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে
হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে
ভুলবেন না। সি, কে, সেনের আমলা
তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

# সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

# দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)